তারিখ 27 APR ২০১৫
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় রিলিজ স্লিপের ফল ২৮ এপ্রিল

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ও প্রফেশনাল ভর্তি কার্যক্রমের ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা আগামী ২৮ এপ্রিল প্রকাশ করা হবে। এসএমএস এবং ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল পাওয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এসএমএসের মাধ্যমে ফল পেতে বিকাল ৪টা থেকে যে কোনো মোবাইল মেসেজ অপশনে গিয়ে ১ম বর্ষ স্নাতক (পাস) এর ক্ষেত্রে (nu<space>atdg<space>roll ' no) লিখে এবং প্রফেশনাল এর জন্য (nu<space>athp<space>roll no লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। এছাড়া রাত ৯টায় ওয়েব সাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে ফল পাওয়া যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions) এ পাওয়া যাবে।